Times Today BD

ডেস্ক রিপোর্ট | চট্টগ্রাম | 05 April, 2025

নোয়াখালী সদর উপজেলার নেওয়াজপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাকির হোসেন আলোকে (৪৫)) কুপিয়ে হত্যার চেষ্টা করেছে যুবলীগ-ছাত্রলীগের নেতাকর্মিরা।হাসপাতালে চিকিৎসাধীন আহত জাকিরকে দেখতে যান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের মানবাধিকার বিষয়ক উপদেষ্টা ও বিএনপি মিডিয়া সেলের সদস্য ব্যারিস্টার আবু সায়েম।

শনিবার (৫ এপ্রিল) দুপুরের দিকে ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী জেনারেল হাসপাতালে জাকিরকে দেখতে যান এই বিএনপি নেতা।এ সময় তার সঙ্গে ছিলেন, নোয়াখালী জেলা যুবদলের সভাপতি মনজুরুল আজিম সুমন, যুবদল নেতা শামসুতিব্রিজ স্বপন।হাসপাতালে তারা হামলার শিকার বিএনপি নেতার শারীরিক অবস্থার খোঁজখবর নেন এবং বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পক্ষ থেকে তার সুচিকিৎসার আশ্বাস দেন।

উল্লেখ্য, জাকির নোয়াখালী সদর উপজেলার নেওয়াজপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক।মঙ্গলবার মাইজদী থেকে গ্রামে ফেরার পথে আওয়ামী লীগের সন্ত্রাসীরা অতর্কিভাবে তার ওপর হামলা চালায়।সন্ধ্যা সাড়ে ৭টার সময় নেয়াজপুর ইউনিয়নের দেবীপুর গ্রামের ফিরিঙ্গি পোল এলাকায় এ ঘটনা ঘটে।এ ঘটনায় সুধারাম থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। তবে জাকির অভিযোগ করেন, পুলিশ ঘটনার প্রকৃত আসামিদের গ্রেপ্তার করছে না।

এ হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন ব্যারিস্টার আবু সায়েম ও মনজুরুল আজিম সুমন।তাৎক্ষণিক জেলা পুলিশ সুপারের সাথে টেলিফোনে কথা বলেন নেতৃবৃন্দ এবং অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেপ্তার করে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানা।

এদিকে নোয়াখালীর চৌমুহনী-মাইজদী সড়কে সিলিন্ডার বিস্ফোরনে দগ্ধ হাসপাতালে চিকিৎসারত একটি পরিবারের সদস্যদের খোঁজখবর নেন বিএনপি নেতরি।জানা যায়, চৌমুহনী-মাইজদী সড়কের চলমান একটি সিএনজিতে সিলিন্ডার বিস্ফোরিত হলে যাত্রীরা সবাই আগুনে পুড়ে যান।তারা একই পরিবারের সদস্য।বিএনপি নেতারা তাদের প্রতি সহমর্মিতা জানান এবং প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা নিতে হাসপাতাল কর্তৃপক্ষকে অনুরোধ করেন।

আ.লীগ হামলা বিএনপি ব্যারিস্টার সায়েম পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:54

URL: https://timestodaybd.com/chittagong/775807331